গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

নথি নং-১৮.০২৪.০১৪.০০৪.০২০.২০১৪/১১৪ তারিখঃ ০৩/০৫/২০১৭ খ্রিঃ

বিষয় ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৬-২০১৭ অর্থ বছরের আরএডিপিভূক্ত এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প সমূহের মার্চ, ২০১৭ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

বিগত ১৭/০৪/২০১৭ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব শাজাহান খান এমপি এর সভাপতিত্বে অনুষ্ঠিত অত্র মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৬-২০১৭ অর্থ বছরের আরএডিপিভূক্ত উন্নয়ন প্রকল্পের মার্চ, ২০১৬ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদ্‌সংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ ০৪ (চার) পাতা।

০৩/০৫/২০১৭
সীমা রানী ধর
সহকারী প্রধান
ফোনঃ-৯৫১৪৪৭৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ উপ-সচিব/উপ-প্রধান, ইউ এন- ৩)।
৩। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/বাণিজ্যিক/উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা,বাগেরহাট।
৬। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম।
৭। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।
৮। চেয়ারম্যান, স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন, কাওরাণ বাজার, ঢাকা।
৯। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, আল-আমিন মিলিনিয়াম টাওয়ার, লেভেল-৭, ৭৫-৭৬ কাকরাইল, ঢাকা।
১০। বিভাগ প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
১১। মহা-পরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
১২। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
১৪। যুগ্ম-সচিব (বাজেট), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
১৬। পরিচালক-১১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেঁজগাও, ঢাকা।
১৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৮। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান(১/২/৩/৪/৫) নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
৪। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। উপ-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

E/P-5/ADP.MINTS.LETTER

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয় ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৬-২০১৭ অর্থ বছরের আরএডিপিভুক্ত এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের মার্চ, ২০১৭ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ শাজাহান খান, এম পি
মাননীয় মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয়।

সভার তারিখ ঃ ১৭/০৪/২০১৭

সময় ঃ বিকাল ৩.০০ ঘটিকা

স্থান ঃ নৌ পরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-"ক"তে সন্নিবেশিত হলো।

০২। মাননীয় মন্ত্রী সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে আলোচ্যসূচি অনুযায়ী সভা শুরু করার অনুরোধ জানান। সচিব মহোদয় বলেন যে, অদ্যকার সভায় ২০১৬-১৭ অর্থ বছরের উন্নয়ন বাজেটে গৃহীত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে। অত:পর তিনি মন্ত্রণালয়ের উপ-প্রধানকে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ বিস্তারিত উপস্থাপনের জন্য অনুরোধ জানান। উপ-প্রধান, নৌ পরিবহন মন্ত্রণালয় সভাকে অবহিত করেন যে, ২০১৬-২০১৭ অর্থ বছরের আরএডিপিতে নৌ পরিবহন মন্ত্রণালয়ের আওতায় মোট ৩৮টি প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত ১৮১৫.৪৪ কোটি টাকার বিপরীতে মার্চ, ২০১৭ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৭০১.৫৯ কোটি টাকা, যা বরাদ্দের ৩৮.৬৫%। উক্ত অগ্রগতি ২০১৬-১৭ অর্থ বছরের মার্চ ২০১৭ পর্যন্ত জাতীয় গড় ৪৫.১৫% এর তুলনায় অনেক কম। সভাকে অবহিত করা হয় যে, সংস্থার নিজস্ব অর্থায়ন ব্যতীত এডিপির অর্থায়নে বাস্তবায়নাধীন মোট ২৬টি উন্নয়ন প্রকল্পের অনুকূলে মোট ১৭০৭.৮৪ কোটি টাকা বরাদ্দ আছে। এর মধ্যে জিওবি ১৩৫০.০০ কোটি এবং প্রকল্প সাহায্য ৩৫৭.৮৪ কোটি টাকা। মার্চ/২০১৭ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৬৭৩.৫২ কোটি টাকা, যা মোট বরাদ্দের ৩৯.৪৪%। সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ১২টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ১০৭.৬০ কোটি টাকার বিপরীতে মার্চ/২০১৭ পর্যন্ত ব্যয় হয়েছে ২৮.০৭ কোটি টাকা যা মোট বরাদ্দের ২৬.০৯%।

২.২। উপ-প্রধান, নৌ পরিবহন মন্ত্রণালয়ের আরএডিপিভুক্ত প্রকল্পগুলোর সংস্থাভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি এবং প্রকল্পভিত্তিক বিস্তারিত অগ্রগতি উপস্থাপন করেন। সংস্থাভিত্তিক প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির নিম্নরূপ চিত্র তুলে ধরা হয়ঃ

(লক্ষ টাকায়)

| সংস্থার নাম | প্রকল্প সংখ্যা | ২০১৬-২০১৭ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ | মার্চ/২০১৭ পর্যন্ত অর্থ অবমুক্তি | জুলাই/১৬ হতে মার্চ/১৭ পর্যন্ত ব্যয় | |
|---|---|---|---|---|---|
| | | | | মোট | (%) |
| বিআইডব্লিউটিএ | ১২ | ৯০০৭৪.০০ | ৩৪৩০০.৬০ | ২৩৩৯৭.৮৯ | ২৬.৭১ |
| বিআইডব্লিউটিসি | ৬ | ৬৩০২.০০ | ৩৫০৬.৫০ | ১৫৬৩.৫৬ | ২৪.৮১ |
| মংলা বন্দর কর্তৃপক্ষ | ৪ | ২১৮১.০০ | ১১১৭.০০ | ১১০০.০০ | ৫০.৪৪ |
| স্থল বন্দর কর্তৃপক্ষ | ৪ | ৫২০৫.০০ | ২৫৭৫.০০ | ৩৭৮৭.৯০ | ৭২.৭৭ |
| নৌপম | ২ | ১২৩৪০.০০ | ৫৫৯১.৫০ | ৭৬৭১.৮৬ | ৬২.১৭ |

| সংস্থার নাম | প্রকল্প সংখ্যা | ২০১৬-২০১৭ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ | মার্চ/২০১৭ পর্যন্ত অর্থ অবমুক্তি | জুলাই/১৬ হতে মার্চ/১৭ পর্যন্ত ব্যয় | |
|---|---|---|---|---|---|
| | | | | মোট | (%) |
| নৌ পরিবহন অধিদপ্তর | ২ | ৩৫২.০০ | ১০১.৯০ | ৮৪.৮৬ | ২৪.১১ |
| চবক | ৫ | ৫৮০০.০০ | ০.০০ | ৫১০.৭৮ | ৮.৮১ |
| বিএসসি | ২ | ৩৩০০০.০০ | ০.০০ | ২২১৪০.০০ | ৬৭.০৯ |
| পায়রা বন্দর কর্তৃপক্ষ | ১ | ২৬২৯০.০০ | ১০০০০.০০ | ৯৯০৩.০০ | ৩৭.৬৭ |
| উপমোট:এডিপি বাস্তবায়ন | ৩৮ | ১৮১৫৪৪.০০ | ৫৭১৯২.৫০ | ৭০১৫৯.৮৫ | ৩৮.৬৫ |

৩.০। অত:পর সভায় ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি/সমস্যা এবং গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে নিম্নরূপ আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | **প্রকল্পের চতুর্থ কিস্তির কিস্তির অর্থছাড়ঃ** প্রকল্পের অর্থছাড়ের বিষয়ে পরিকল্পনা উইং হতে জানানো হয় যে, কতিপয় প্রকল্পের ৪র্থ কিস্তির অর্থছাড়ের প্রস্তাব এখনো মন্ত্রণালয়ে পাওয়া যায়নি। সভায় সকল প্রকল্পের চতুর্থ কিস্তির অর্থসহ অবশিষ্ট অর্থছাড়ের প্রস্তাব আগামী ৭ দিনের মধ্যে মন্ত্রণালয়ে দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | সকল প্রকল্পের চতুর্থ কিস্তির অর্থসহ অবশিষ্ট অর্থছাড়ের প্রস্তাব আগামী ৭ দিনের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ |
| ৩.২ | **চবকের ক্যাপিটাল ড্রেজিং এবং পতেঙ্গা কন্টেইনার টার্মিনাল প্রকল্পঃ** সভাকে অবহিত করা হয় যে, চট্টগ্রাম বন্দরের দক্ষতা বৃদ্ধির জন্য চবকের ক্যাপিটাল ড্রেজিং এবং পতেঙ্গা কন্টেইনার টার্মিনাল প্রকল্প এর উপর গত ১১/০৪/২০১৭ তারিখে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | চবকের প্রস্তাবিত ক্যাপিটাল ড্রেজিং এবং পতেঙ্গা কন্টেইনার টার্মিনাল প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | সংস্থা প্রধান |
| ৩.৩ | **২০ ড্রেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয় এবং পায়রা গভীর সমুদ্র বন্দরের কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামো/ সুবিধাদির উন্নয়ন প্রকল্পঃ** সভায় জানানো হয় যে, নৌপরিবহন মন্ত্রণালয়ের সিংভাগ অর্থ উক্ত দু'টি প্রকল্পের অনুকূলে বরাদ্দ রয়েছে। সেজন্য প্রকল্প দু'টির যথাযথ বাস্তবায়নের উপর নির্ভর করবে নৌপরিবহন মন্ত্রণালয়ের বাস্তবায়ন অগ্রগতি। সভায় প্রকল্প দু'টির বাস্তবায়ন শতভাগ অর্জন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, পায়রা বন্দর কর্তৃপক্ষ কম্পোনেন্ট ভিত্তিক অগ্রগতির প্রতিবেদন প্রতি সপ্তাহে মন্ত্রণালয়ে দাখিল এবং এ বিষয়ে মন্ত্রণালয়ের | ২০ ড্রেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয় এবং পায়রা গভীর সমুদ্র বন্দরের কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামো/ সুবিধাদির উন্নয়ন প্রকল্প দু'টির শতভাগ বাস্তবায়ন অর্জন করতে হবে। পায়রা বন্দর কর্তৃপক্ষ কর্তৃক কম্পোনেন্ট ভিত্তিক অগ্রগতির প্রতিবেদন প্রতি সপ্তাহে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে এবং এ বিষয়ে মন্ত্রণালয়ের পায়রা বন্দর শাখা হতে আলাদা সভা আহবান করবে। | সংস্থা প্রধান, প্রকল্প পরিচালক এবং মন্ত্রণালয়ের পাবক শাখা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| | পায়রা বন্দর শাখা হতে আলাদা সভা আহবানের জন্য সভায় একমত পোষণ করা হয়। | | |
| ৩.৪ | **চট্টগ্রাম-সন্দ্বীপ- হাতিয়া-বরিশাল রুটে দক্ষ যাত্রী সার্ভিস পরিচালনার লক্ষ্যে যাত্রীবাহী জাহাজ নির্মাণঃ** এফএমসি কর্তৃক প্রকল্পের জাহাজ তৈরীর বিষয়ে সভায় বিশদ আলোচনা হয় এবং আলোচান্তে চুক্তি ভঙ্গের কারণে কিভাবে মামলা করা যায় সে বিষয়ে বিআইডব্লিউটিসি উকিলের সাথে আলোচনা করে মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | এফএমসি কর্তৃক উক্ত প্রকল্পের জাহাজ নির্মাণে চুক্তি ভঙ্গের কারণে কিভাবে মামলা করা যায় সে বিষয়ে বিআইডব্লিউটিসি উকিলের সাথে আলোচনা করে মন্ত্রণালয়ে আগামী ১৫ দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করবে। | সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালক |
| ৩.৫ | **৬টি নতুন জাহাজ ক্রয় প্রকল্পঃ** সভায় জানানো হয় যে, উক্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি থাকলেও বাস্তব অগ্রগতি কম বিধায় আগামী জুন/২০১৭ মধ্যে প্লেট কাটিং আরম্ভ করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | আগামী জুন/২০১৭ মধ্যে প্লেট কাটিং আরম্ভ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালক |
| ৩.৬ | **১টি কমপক্ষে ৩৪০০০ডিডব্লিউটি সম্পন্ন নতুন প্রোডাক্ট ওয়েল/ক্যামিক্যাল, ক্রুড অয়েল ট্যাংকার ক্রয়ঃ** সভায় জানানো হয় যে, জাহাজটি ক্রয়ের জন্য প্রি-পারচেজ পরিদর্শন করা প্রয়োজন। সভায় আরও জানানো হয় যে, মূল্যায়ন কমিটি কর্তৃক পরিদর্শন প্রতিবেদনে কতগুলো শর্ত ছিলঃ ক) এস টু এস অপারেশনের জন্য ফেন্ডার নেই খ) ক্রুড ওয়েল ওয়াশিং সিস্টেম নেই গ) ট্যাংকার পরিদর্শনে অসযোগিতা ইত্যাদি। সভায় বিষয়গুলো দ্রুততার সাথে সমাধান করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | নতুন প্রোডাক্ট ওয়েল/ক্যামিক্যাল, ক্রুড অয়েল ট্যাংকার ক্রয়ের নিমিত্ত মূল্যায়ন কমিটির পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী ক) এস টু এস অপারেশন খ) ক্রুড ওয়েল ওয়াশিং সিস্টেম গ) ট্যাংকার পরিদর্শন ইত্যাদি সর্ম্পকে নিশ্চিত হয়ে দ্রুততার সাথে বিষয়টি সমাধান করতে হবে। | সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালক |
| ৩.৭ | **বিআইডব্লিউটিসির ২টি মিডিয়াম ফেরি ঢাকা ও কুমিল্লা পুনর্বাসন(১ম সংশোঃ)ঃ** সভায় প্রকল্প পরিচালক কর্তৃক প্রকল্প পরিদর্শনের বিষয়ে সংশয় প্রকাশ করা হয় এবং প্রকল্প পরিচালককে প্রতি সপ্তাহে প্রকল্প পরিদর্শন করে নির্মাণ কাজের সর্বশেষ অগ্রগতি মোবাইলে ধারণ করে তা মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | প্রকল্প পরিচালক প্রতি সপ্তাহে প্রকল্প পরিদর্শন করে সর্বশেষ নির্মাণ কাজের ছবি মোবাইলে ধারণ করে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ৩.৮ | চ্যানেল থেকে জালযান অপসারণঃ বিআইডব্লিউটিএ এর চেয়ারম্যান সভাকে অবহিত করেন যে, নৌ-পথ সচল রাখার জন্য বিআইডব্লিউটিসি'র যে সব জলযান নৌ-পথে ডুবন্ত অবস্থায় আছে সেগলো অপসারণ করা প্রয়োজন। সভায় আগামী একমাসের মধ্যে | বিআইডব্লিউটিসি'র যে সব জলযান নৌ-পথে ডুবন্ত অবস্থায় আছে সেগুলো আগামী একমাসের মধ্যে অপসারণ করতে হবে। অন্যথায় সেগুলো বিআইডব্লিউটিএ কর্তৃক অকশনের ব্যবস্থা করতে | সংস্থা প্রধান |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | জলযানসমূহ অপসারণ করা জন্য নির্দেশনা প্রদান করা হয়। অন্যথায় সেগুলো বিআইডব্লিউটিএ কর্তৃক অকশনের ব্যবস্থা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | হবে। | |
| ৩.৯ | **৩৫টি বাণিজ্যিক জলযান সংগ্রহ ও ২টি নতুন ডক নির্মাণঃ** সভায় জানানো হয় যে, প্রকল্পটি উপর গত ২৮/০৩/২০১৬ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। পর পর দু'টি এডিপি সভায় একই সিদ্ধান্ত থাকলেও পুনর্গঠিত ডিপিপি অদ্যাবধি তা পাওয়া যায়নি। সভায় আগামী এক সপ্তাহের মধ্যে উক্ত প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ৩৫টি বাণিজ্যিক জলযান সংগ্রহ ও ২টি নতুন ডক নির্মাণ প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি আগামী ৭ দিনের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | চেয়ারম্যান বিআইডব্লিউটিসি |
| ৩.১০ | **উপযোজন প্রস্তাবঃ** মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি শতভাগ অর্জনের নিমিত্ত উপযোজনের প্রস্তাব থাকলে তা আগামী ৭ দিনের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করার প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে একমত পোষণ করা হয়। | উপযোজনের প্রস্তাব থাকলে তা আগামী ৭ দিনের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | সংস্থা প্রধানগণ |

৪.০। মাননীয় মন্ত্রী ২০১৬-১৭ অর্থ বছরের আরএডিপিভুক্ত প্রকল্পের যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ ও আন্তরিকতার সাথে কাজ করার জন্য নির্দেশনা প্রদান করেন এবং এজন্য সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণের নির্দেশ প্রদান করেন। এছাড়া, তিনি প্রকল্পের ক্রয় পরিকল্পনা, কর্মপরিকল্পনা এবং প্রকল্পের প্রতিটি কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করার জন্য নির্দেশনা প্রদান করেন।

৫.০। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/৪/১৭

(শাজাহান খান, এম পি)
মন্ত্রী